যুগান্তর

৩৩২

তারিখ ৭।১২।৮১

পৃষ্ঠা…

C52

# ১২ বছর বয়সে বিশ্ববিদ্যালয়ে

লণ্ডন, ৬ই ডিসেম্বর (রয়টার)।---ভর্তি পরীক্ষায় শীর্ষস্থান অধিকার করে ১০ বছরের একটি ইংরেজ মেয়ে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে প্রবেশের ছাড়পত্র পেল।

অংকের এই ভর্তি পরীক্ষায় ৫শ ৩০ জন প্রতিদ্বন্দ্বীর মধ্যে ১০ বছরের রুথ লরেন্স শীর্ষস্থান লাভ করে। রুথ লরেন্স জানিয়েছে, সে অংকের শিক্ষক হবে। ১৯৮৩ সালে ১২ বছর বয়সে রুথ তার বিশ্ববিদ্যালয়ের শিক্ষা জীবন শুরু করবে।